

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
পর্যটন ভবন (৯ম তলা)  
প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও  
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

[www.frc.gov.bd](http://www.frc.gov.bd)

ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪

স্মারক নং: ১৭৭/এফআরসি/এপিআর/২০২৪/২২৩

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
০২ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি বিজ্ঞপ্তি  
(২০২৪-২০২৫ অর্থবছর)

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ (২০১৫ এর ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধানমতে জনস্বার্থ সংস্থার নিরীক্ষা চর্চা ও নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা পেশায় নিয়োজিত থাকতে হলে বাংলাদেশের সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে এফআরসি'তে তালিকাভুক্ত হতে হবে।

এমতাবস্থায় কাউন্সিলের সিদ্ধান্ত মতে, সংশ্লিষ্ট নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উভয়ই এফআরসি এর নিকট তালিকাভুক্তির জন্য বিধিমালায় তফসিল-২ এ বর্ণিত ফি প্রদান সাপেক্ষে নির্ধারিত ফরম পূরণ ও দলিলাদি সংযুক্তি সহকারে আবেদন আহ্বান করা হচ্ছে।

**তথ্যসমূহঃ**

- ১। নিরীক্ষক (চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট) এবং নিরীক্ষা ফার্মকে (চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট) আলাদাভাবে তালিকাভুক্ত হতে হবে। বর্ণিত বিধিমালায় তফসিল-১ এ উল্লেখিত জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানের নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উভয়ই তালিকাভুক্ত হতে হবে।
- ২। এফআরসি এর নির্ধারিত আবেদন ফরমের সাথে বর্ণিত বিধিমালায় তফসিল-২ এ নির্ধারিত ফি পরিশোধ ও সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্তি সাপেক্ষে তালিকাভুক্তির আবেদন করতে হবে।
- ৩। অনলাইন ও অফলাইন উভয় পদ্ধতিতে আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখ ৩০ মে ২০২৪ খ্রিঃ, বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়।
- ৪। আবেদন ফরম, আবেদনের তথ্যসমূহ, আবেদনের সাথে দাখিলতব্য সংযুক্তি দলিলাদি বা চেকলিস্ট, আবেদনের ফি এর চার্ট, আবেদন ফরম পূরণের নমুনা ইত্যাদি এফআরসি'র ওয়েবসাইট ([www.frc.gov.bd](http://www.frc.gov.bd)) থেকে ডাউনলোড করা যাবে। ওয়েবসাইটের **তালিকাভুক্তি** মেন্যুতে প্রবেশ করে অনলাইনে আবেদন করা যাবে (Link: [enlistment.frc.gov.bd/login](http://enlistment.frc.gov.bd/login))।
- ৫। তালিকাভুক্তি বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫৬; ০১৮১০১৫৬৩৫৭; ০১৮১০১৫৬৩৫৯; ০১৮১০১৫৬৩৫৫

**ফরম পূরণ ও ফি প্রদান বিষয়ে এফআরসি'র ওয়েবসাইটে প্রদত্ত গাইডলাইন অনুসরণ করতে হবে।**

Link: [2024-05-02-06-07-b1de1ba993b516bf69f47b5e2ea94623.pdf](http://2024-05-02-06-07-b1de1ba993b516bf69f47b5e2ea94623.pdf) ([portal.gov.bd](http://portal.gov.bd))

**সভাপতি**

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম  
তালিকাভুক্তি বাছাই কমিটি  
ই-মেইল: [ed.apr@frc.gov.bd](mailto:ed.apr@frc.gov.bd)